

প্রেস বিজ্ঞপ্তি

পরিবেশ দূষণের দায়ে ঢাকা ও নারায়ণগঞ্জের ৯ (নয়) টি কারখানাকে মোট ৬৪ লক্ষ ১৪ হাজার ৬৭৬ টাকা ক্ষতিপূরণ ধার্য করেছে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং। এছাড়াও নারায়ণগঞ্জে বায়ু দূষণের দায়ে মোবাইল কোর্টে ১ লক্ষ টাকা জরিমানা আদায় ও বরিশালে মোবাইল কোর্টে ১১ (এগার) টি ড্রাম চিমনি ইটভাটা ভেঙ্গে দেয়া হয়েছে।

পরিবেশ দূষণবিরোধী অভিযান ও পরিবেশ সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে আজ ১৫/০২/২০২২ তারিখ পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর পরিচালক জনাব মোহাম্মদ মাসুদ হাসান পাটোয়ারী কর্তৃক শুনানী গ্রহণ করা হয়। শুনানী অন্তে পরিবেশ ও প্রতিবেশগত ক্ষতিসাধনের অপরাধে ঢাকা ও নারায়ণগঞ্জের ৮ (আট) টি কারখানাকে মোট ৫৪ লক্ষ ১৪ হাজার ৬৭৬ টাকা ধার্য করেন। নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলায় পরিচালক জনাব মোহাম্মদ মাসুদ হাসান পাটোয়ারী এর নেতৃত্বে পরিবেশ অধিদপ্তর, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের সহযোগিতায় বায়ু দূষণের দায়ে মোবাইল কোর্টে ১ (এক) টি প্রতিষ্ঠান হতে ১ লক্ষ টাকা জরিমানা আদায় করেছে।

এছাড়াও গত ১৪/০২/২০২২ তারিখ বরিশালের হিজলা উপজেলায় পরিবেশ অধিদপ্তর, বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহযোগিতায় মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব নওরিন হক এর নেতৃত্বে মোবাইল কোর্টে ১১ (এগার) টি ড্রাম চিমনি অবৈধ ইটভাটা ভেঙ্গে দেয়া হয়েছে।

পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এ শুনানী গ্রহণ কার্যক্রম ও পরিবেশ দূষণ বিরোধী অভিযান অব্যাহত থাকবে।

তারিখঃ ১৫/০২/২০২২ স্থিঃ।

স্বাক্ষরিত/-

(মোঃ রেজুওয়ান ইসলাম)

সহকারী পরিচালক

পক্ষে

পরিচালক (মনিঃ ও এনফোঃ)